**B.A/5th Sem (H)/BEN/23(CBCS)**

# 2023

## 5th Semester Examination

## BENGALI (Honours)

**Paper : C 12-T**

**[কাব্যতত্ত্ব, পাশ্চাত্য সাহিত্য সমালোচনা তত্ত্ব ও সাহিত্যের রূপরীতি]**

**[CBCS]**

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। 'রীতিরাত্মা কাব্যস্য' কার উক্তি? এটি কোন্ গ্রন্থে আছে?

২। ধ্বনি কাকে বলে?

৩। বিভাব বলতে কী বোঝ?

৪। "আলংকারিকদের মতে এই নয়টি ভাব, কাব্যের বিভাব, অনুভাবের সংস্পর্শে, যথাক্রমে নয়টি রসে পরিণত হয়"— নয়টি রসের নাম লেখো।

৫। কবে, কোন্ পত্রিকায় 'কাব্য জিজ্ঞাসা' গ্রন্থের প্রবন্ধগুলি প্রকাশিত হয়েছিল?

P.T.O.

৬। ট্র্যাজেডির সংজ্ঞা দাও।

৭। ঐতিহাসিক উপন্যাসের চারটি বৈশিষ্ট্য লেখো।

৮। রচয়িতা ও প্রকাশকাল-সহ দুটি ফার্স (প্রহসন)-এর নাম লেখো।

৯। কমেডি নাটকের চারটি বৈশিষ্ট্য লেখো।

১০। রোমান্টিসিজমের দুটি বৈশিষ্ট্য লেখো।

১১। সুররিয়ালিজম্ বলতে কী বোঝ?

১২। রোমান্টিসিজম্ ও ক্লাসিসিজমের দুটি পার্থক্য লেখো।

১৩। নিওক্লাসিসিজমের দুটি বৈশিষ্ট্য লেখো।

১৪। ওডের চারটি বৈশিষ্ট্য লেখো।

১৫। 'লিরিক্যাল ব্যালাডস্' গ্রন্থের রচয়িতাদের নাম ও প্রকাশকাল লেখো।

**বিভাগ - খ**

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'রসের ব্যঞ্জনাই বাক্যকে কাব্য করে।' — মন্তব্যটি আলোচনা করো।

১৭। "অর্থাৎ কাব্যের আত্মা হল 'স্টাইল'।" — মন্তব্যটির সার্থকতা বিচার করো।

১৮। ক্লাসিসিজমের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

১৯। রিয়ালিজমের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা সাহিত্যে এর প্রভাব সংক্ষেপে আলোচনা করো।

২০। মনস্তাত্ত্বিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

২১। টীকা লেখো : এলিজি

## বিভাগ - গ

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। "চিত্তের রতি প্রভৃতি স্থায়ীভাব, (কাব্যের) বিভাব, অনুভাব ও সঞ্চারীর সংযোগে, রূপান্তর প্রাপ্ত হয়ে, রসে পরিণত হয়।" — মন্তব্যটি আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

২৩। সিম্বলিজমের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা সাহিত্যে এর প্রভাব সম্পর্কে আলোচনা করো। ৪+৬

২৪। মহাকাব্যের সংজ্ঞা দাও। সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। একটি সার্থক সাহিত্যিক মহাকাব্য উক্ত বৈশিষ্ট্যের আলোকে আলোচনা করো। ২+৩+৫

২৫। আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সার্থক আঞ্চলিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো। ৪+৬

---